

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭০৪

আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০২৫

জিবিপি হাসপাতালের নিউরোলজি
বিভাগের প্রথম বর্ষপূর্তি উদযাপন

আজ আগরতলা মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকের নিউরোলজি বিভাগের প্রথম বর্ষপূর্তি পালিত হয়। ২০২৪ সালের ২ সেপ্টেম্বর এই নিউরোলজি বিভাগের পথচলা শুরু হয়। এই উপলক্ষ্যে এই বিভাগের রোগীদের ও রোগীর বাড়ির লোকদের মধ্যে মিষ্টি বিতরণ করা হয়। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডা. তপন মজুমদার, যুগ্ম অধিকর্তা ডা. শৌভিক দেববর্মা, জিবিপি হাসপাতাল ও এজিএমসির এম.এস.ও. এইচ.ও.ডি. ডা. শংকর চক্রবর্তী, ডেপুটি এম.এস. ডা. কনক চৌধুরী, ডেপুটি ডাইরেক্টর জিওডন মলসম, নিউরোলজিস্ট ডা. আবিরলাল নাথ, ডা. অর্পণ মিত্র, ডা. পৌলমী নাগ, ডা. শুভ্রজিৎ দাস, ডা. সুপ্রতিম সাহা। নার্সিং অফিসার ছিলেন সেবিকা দত্ত, রোজী চক্রবর্তী প্রমুখ।
